

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-২০

তারিখঃ ০৩/০৭/২০০৫ ইং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সকল তফসিলী ব্যাংক

ও

আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

## একুইটি এন্ড অন্টাগ্যানারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২২/১২/২০০২ তারিখের ইইএফ সার্কুলার নং-৮ এর অনুচ্ছেদ নং ০৬.৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত অনুচ্ছেদে উল্লেখ করা হয়েছিল যে, ইইএফ সহায়তাপ্রাপ্ত কোম্পানীকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ইইএফ ইউনিট, বাংলাদেশ ব্যাংক এর নামে ইস্যুকৃত শেয়ারসমূহ ইইএফ সহায়তার ১ম বিতরণের তারিখ হতে ৮ (আট) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট কোম্পানী কর্তৃক ক্রয় করে ফেরৎ (buy-back) নিতে হবে ; প্রথম ৩ বৎসর শেয়ারের অভিহিত মূল্যে শেয়ার ফেরৎ নেয়া যাবে, পরবর্তীতে বাজার মূল্যে শেয়ার ক্রয় করে ফেরৎ নিতে হবে ।

উপরোক্ত শর্তাবলী সম্পর্কে কোন কোন কোম্পানীর ভ্রান্ত ধারণা থাকতে পারে যে, ইইএফ সহায়তার প্রথম ৩ বছর বাংলাদেশ সরকারের নামে ইস্যুকৃত শেয়ারের অনুকূলে লভ্যাংশ প্রদান করতে হবে না ।

বর্ণিত ভ্রান্ত ধারণা নিরসনকল্পে এ মর্মে অবহিত করা যাচ্ছে যে, ইইএফ সহায়তা প্রাপ্ত প্রতিটি কোম্পানীকে কোম্পানী আইন অনুযায়ী প্রতি বৎসর নির্দিষ্ট সময়ে বার্ষিক সাধারণ সভা (এজিএম) করতে হবে এবং কোম্পানীর নিরীক্ষিত হিসাব বিবরণী অনুযায়ী লভ্যাংশ প্রদেয় হলে তা বাংলাদেশ সরকারের অনুকূলে ইস্যুকৃত শেয়ারের বিপরীতে বাংলাদেশ ব্যাংক বরাবরে প্রদান করতে হবে ।

এমতাবস্থায়, উপরোল্লিখিত শর্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদিগকে অনুরোধ করা যাচ্ছে ।

আপনাদের বিশ্বস্ত,

(এ, টি, এম ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১৬৩৬৫০